দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 19 MAR 2015 ...
পৃষ্ঠা ... ১৩ কলাম ... ৪ ...

# রংপুর মেডিক্যাল কলেজের ৪৫তম বর্ষপূর্তি পালন

■ রংপুর প্রতিনিধি

বুধবার রংপুর মেডিক্যাল কলেজের ৪৫তম বর্ষপূর্তি উপলক্ষে আলোচনা সভা, স্মৃতিচারণ, কেক কাটা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সকালে জাতীয় পতাকা উত্তোলন, ৪৫টি কেক কেটে এবং ৪৫টি পায়রা ও বেলুন উড়িয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। কলেজের শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে কলেজ ক্যাম্পাসে একটি র‍্যালী বের করা হয়।

পরে সেখানে উপাধ্যক্ষ ও সার্জারি বিভাগের বিভাগীয় প্রধান আবু তালেবের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় বক্তব্য রাখেন কলেজ অধ্যক্ষসহ আরও অনেকে।